দৈনিক আমাদের সময়

তারিখ: 19 SEP 2017 পৃষ্ঠা: ১২ কলাম: ১

# ঢাবির গ ইউনিটে ফেল ৮৫ ভাগ পরীক্ষার্থী

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক** ● ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষায় পাসের হার মাত্র ১৪.৭৫ ভাগ। গতকাল সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রশাসনিক ভবনস্থ কেন্দ্রীয় ভর্তি অফিসে আনুষ্ঠানিকভাবে এই ফল প্রকাশ করেন। গত শুক্রবার এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। ভর্তিচ্ছু মোট ২৯ হাজার ৩১৩ ছাত্রছাত্রীর মধ্যে ২৮ হাজার ২৪৮ পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে ৪ হাজার ১৬৮ উত্তীর্ণ হয়েছে। 'গ' ইউনিটে মোট আসন সংখ্যা ১ হাজার ২৫০টি। পরীক্ষার বিস্তারিত ফল বিশ্ববিদ্যালয়ের admission. eis.du.ac.bd ওয়েবসাইটে জানা যাবে।

পাসকৃত ১ থেকে ১২৫০ মেধাক্রম পর্যন্ত শিক্ষার্থীদের আগামী ২৫ সেপ্টেম্বর থেকে ৮ অক্টোবর পর্যন্ত ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে বিস্তারিত ফরম ও বিষয়ের পছন্দক্রম ফরম পূরণ করতে হবে।

উত্তীর্ণ ছাত্রছাত্রীদের কোটার ফরম ১৯ সেপ্টেম্বর থেকে ২৬ সেপ্টেম্বর তারিখের মধ্যে বিজনেস স্টাডিজ অনুষদের এরপর পৃষ্ঠা ১১, কলাম ১

## ঢাবির গ ইউনিটে ফেল ৮৫ ভাগ

(শেষ পৃষ্ঠার পর) ডিন অফিস থেকে সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করে জমা দিতে হবে। ফল নিরীক্ষণের জন্য নির্ধারিত ফি প্রদানসাপেক্ষে আগামী ১৯ সেপ্টেম্বর থেকে ২৬ সেপ্টেম্বর তারিখের মধ্যে বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অফিসে আবেদন করা যাবে।